দৈনিক বাংলা

০৩ OCT 1988

পৃষ্ঠা ... ৩ ...

সাভার স্পোর্টস ইন্সটিটিউটে প্রেসিডেন্ট

সাভার, ৭ই অক্টোবর (বাসস)। প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদ আজ কুড়িগ্রাম ও গাইবান্ধা জেলার বিভিন্ন বন্যা দুর্গত এলাকা পরিদর্শন করে রাজধানীতে ফিরে আসার পথে এখানে বাংলাদেশ স্পোর্টস ইন্সটিটিউটে আসেন।

সকাল থেকে কঠোর পরিশ্রমে

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

প্রেসিডেন্ট

(প্রথম পৃঃ পর)

করা সত্ত্বেও প্রেসিডেন্ট খেলাধুলার বিভিন্ন ক্ষেত্রে ছেলেদের প্রশিক্ষণ নিতে দেখে প্রফুল্ল হন। তিনি নিজে ফুটবল প্রশিক্ষার্থীদের সঙ্গে যোগ দেন। তিনি গোলরক্ষককে পরাস্ত করে বল জালে ঢুকিয়ে দেন।

প্রেসিডেন্ট এরশাদকে অনুপ্রেরণা উদ্দীপনায় দেখে ছেলেরা মুগ্ধ হয়। প্রেসিডেন্ট নিজেও একজন কুড়িবিদ।

তার এই ইন্সটিটিউট পরিদর্শনে শিক্ষার্থীরা অনুপ্রাণিত হয়। তারা নিয়মিত পড়াশুনার সঙ্গে সঙ্গে ফুটবল, হকি, ক্রিকেট, সাঁতার, এথলেটিক ও টেনিস প্রশিক্ষণ নিচ্ছে।

বিশ্বের এই অংশে অনন্য এই ইন্সটিটিউট হচ্ছে প্রেসিডেন্ট এরশাদের চিন্তার ফসল। এখানে ছাত্রদেরকে খেলাধুলার বিভিন্ন ক্ষেত্রে প্রশিক্ষণ দেয়া হচ্ছে এবং সপ্তম শ্রেণী থেকে এইচএসসি পর্যন্ত তাদের লেখাপড়ার ব্যবস্থা আছে।

প্রেসিডেন্ট এরশাদ জিমনাশিয়ামসহ ইন্সটিটিউটের বিভিন্ন বিভাগ ঘুরে দেখেন। তিনি মেডারে চিত্তাভাবনা করেছিলেন, সেভাবে ইন্সটিটিউট পরিচালিত হচ্ছে দেখে তিনি গভীর সন্তোষ প্রকাশ করেন।

প্রেসিডেন্ট এরশাদ এখানে এসে পৌঁছলে তাঁকে অভ্যর্থনা জানান যব ও কুড়ি মন্ত্রী সচিব গণ্ড লোকাল এরিয়া কমান্ডার মেজর জেনারেল নজরুদ্দীন খান এবং ইন্সটিটিউটের মহাপরিচালক লেঃ কর্নেল জাবেদুল হক খান।

০০ ০০১